



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১৫/০৮/২০১৭ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২ তম শাহাদাং বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৭ পালিত

যথাযথ ভাব-গান্ধির্যের মধ্য দিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাং বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৭। জাতীয় শোক দিবসের কর্মসূচির অংশ হিসেবে সূর্যোদয়ের সাথে সাথে অর্ধনমিত ভাবে জাতীয় পতাকা, বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলণ এবং কালো পতাকা উত্তোলণ করা হয়। এদিকে শোক দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একটি শোক র্যালিং আয়োজন করে। সকাল ৮.৩০ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক-এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয় পরিবারের সকল সদস্য কালো ব্যাজ ধারণ করে শোক র্যালিতে অংশগ্রহণ করে। র্যালিটি প্রশাসনিক ভবনের সামনে থেকে বিশ্ববিদ্যালয় সংলগ্ন মহাসড়ক হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে অস্থায়ী ভাবে স্থাপিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতির সামনে এসে শেষ হয়। শোক র্যালি শেষে উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক, ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বিভিন্ন অনুষদের ডিন, প্রষ্টর, রেজিস্ট্রার, বিভাগীয় প্রধান, প্রতোস্ট্বন্দসহ শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী, দপ্তর প্রধানগণ, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পক্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। এর পরপরই শ্রদ্ধা নিবেদনে অংশ নেয় বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, বঙ্গবন্ধু শিক্ষক পরিষদ, নীলদল, সেন্টার কমান্ডারস্ ফোরাম মুক্তিযুদ্ধ-৭১ বিবি শাখা, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, বিভাগ সমূহ, ত্যও শ্রেণি কর্মচারী কল্যাণ পরিষদ, ৪৮ শ্রেণি কর্মচারী কল্যাণ পরিষদ, বাঁধন, বঙ্গবন্ধু ও সুহৃদ সমাবেশ বিবি শাখা। জাতীয় শোক দিবসের তাৎপর্য তুলে ধরে সকাল ১১:০০ টায় উপাচার্য মহোদয়ের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। শুরুতে বঙ্গবন্ধু ও তাঁর পরিবার-পরিজনের যে সকল সদস্য ১৫ আগস্ট শাহাদাং বরণ করেছেন তাঁদের স্মরণে ১ মিনিট নিরবতা পালন করা হয়। সভায় উপাচার্য মহোদয় বলেন, যতদিন বাংলাদেশ থাকবে ততদিন আমরা বঙ্গবন্ধুকে ভুলতে পারব না। বঙ্গবন্ধু শুধু একজন মানুষ ছিলেন না, তিনি ছিলেন একটি আদর্শের নাম, একটি ইতিহাসের নাম। বঙ্গবন্ধু ও তাঁর আদর্শকে যে লালন করবে সে অন্যায় করতে পারে না। ঘাতকরা ভেবে ছিল তাঁকে হত্যা করে তাঁর আদর্শ মুছে দেয়া যাবে কিন্তু বাঙালী জাতি তাঁর আদর্শকে আরও গভীর ভাবে বুকে ধারণ করেছে, তিনি মৃত্যুজ্ঞী। বঙ্গবন্ধু সারা বিশ্বে আমাদেরকে পরিচিত করেছেন। যারা স্বাধীনতা চায়নি, সেই একান্তরের প্রার্জিত শক্তির ঘূণ্য সর্বনাশা চক্রান্তে বঙ্গবন্ধুকে স্বপরিবারে হত্যা করা হয়। এরকম জঘন্যতম হত্যাকাণ্ড পৃথিবীতে ঘটেনি। আমরা যারা সত্যিকারের বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী তাদেরকে বঙ্গবন্ধুর চেতনাকে মনে থানে ধারন করে এগিয়ে যেতে হবে এ হোক শোক দিবসের অঙ্গীকার। উপাচার্য মহোদয় আরও বলেন, বঙ্গবন্ধু কল্যাণ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবে। আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহাসিন উদ্দীন, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মো. আবু জাফর মিয়া, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মো. মুরশিদ আবেদিন, সেন্টার কমান্ডারস্ ফোরাম মুক্তিযুদ্ধ-৭১ বিবি শাখার সাধারণ সম্পাদক ও ইংরেজি বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ তানভীর কায়ছার, নীল দলের সদস্য-সচিব ও ফিন্যান্স এন্ড ব্যাকিং বিভাগের চেয়ারম্যান মো. ইব্রাহিম মোল্লা, শিক্ষকদের মধ্য হতে ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মো. আরিফ হোসেন, মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের প্রভাষক ইশ্বরাত জাহান সঞ্চারী, অফিসারদের মধ্য হতে বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন শাখার উপ-পরিচালক এবং বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্পের পিডি ড. মো. হুমায়ুন কবির, শিক্ষার্থীদের মধ্য থেকে মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মেহেদী হাসান, ত্যও শ্রেণি কর্মচারী কল্যাণ পরিষদের সভাপতি নাদিম মল্লিক এবং ৪৮ শ্রেণি কর্মচারী কল্যাণ পরিষদের সভাপতি শাহাজাদা খান। সভায় বঙ্গবন্ধুকে নিয়ে একটি স্ব-রচিত কবিতা আয়তি করেন ফিজিক্যাল ইপট্রান্টের মো. নূর ইসলাম এবং বঙ্গবন্ধুর উপরে একটি প্রবন্ধ পাঠ করেন ইংরেজি বিভাগের প্রভাষক মো. মিজানুর রহমান। আলোচনা সভা শেষে ১৫ আগস্টে নিহত বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের যে সকল সদস্য শাহাদাং বরণ করেছেন তাঁদের জন্মের মাগফিরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়। শোক দিবসের অনুষ্ঠনটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব শাখার পরিচালক এবং রেজিস্ট্রার এর দায়িত্ব পালনকারী মোঃ আশরাফ উদ্দিন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রফি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস